

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪

২২ নভেম্বর, ২০১৮
তারিখ :-----
০৮ অগ্রহায়ণ, ১৪২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সরবরাহ প্রসঙ্গে।

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে ঋণ খেলাপী ব্যক্তিগণ জাতীয় সংসদের সদস্য হওয়ার যোগ্য নন বিধায় তাঁরা জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হতে পারেন না। এতদশ্রেণিতে, নির্বাচনে মনোনয়নপত্র দাখিলকারী ব্যক্তিগণের ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সকল তফসিলি ব্যাংক হতে সরবরাহ করা আবশ্যিক।

০২। আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ২৮ নভেম্বর ২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার পর মনোনয়নপত্র দাখিলকারীদের নাম, পিতা/মাতা/স্বামীর নাম ও প্রয়োজনীয় অন্যান্য তথ্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক স্বউদ্যোগে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহ এবং প্রয়োজনীয় যাচাই বাছাই শেষে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সরবরাহ করার জন্য নির্দেশনা দেয়া হলো।

০৩। তাছাড়া, একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য মনোনয়ন পত্র বাছাইয়ের দিন কিংবা তার পূর্বে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে প্রদান এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে মনোনয়নপত্র বাছাইয়ের সময় রিটার্নিং অফিসারের দপ্তরে উপস্থিত থাকার জন্যও নির্দেশনা প্রদান করা হলো।

০৪। উল্লিখিত বিষয়ে বাংলাদেশ নির্বাচন কমিশনের ১২ নভেম্বর ২০১৮ তারিখের পত্র ও প্রজ্ঞাপন (যথাক্রমে নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৬৫ ও ৬৬৬) এতদসংগে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাহের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২



জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অভীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৬৫

তারিখঃ ২৮ কার্তিক ১৪২৫
১২ নভেম্বর ২০১৮


বিষয়: একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সরবরাহ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ১২ নভেম্বর ২০১৮ তারিখে পুনঃ তফসিল ঘোষিত হয়েছে (সময়সূচির প্রজ্ঞাপন: পরিশিষ্ট-'ক')। পুনঃনির্ধারিত তফসিল অনুযায়ী মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ২৮ নভেম্বর ২০১৮ তারিখ (বুধবার) এবং মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ ০২ ডিসেম্বর ২০১৮ (রবিবার)।

২। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে ঋণ খেলাপী ব্যক্তিগণ জাতীয় সংসদের সদস্য হওয়ার যোগ্য নন, যে কারণে ঋণ খেলাপী ব্যক্তিগণ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হতে পারেননা। উল্লিখিত শূন্য আসনের নির্বাচনে মনোনয়নপত্র দাখিলকারী ঋণ খেলাপী ব্যক্তিগণ মনোনয়নপত্র দাখিল করলে যাতে তাদের প্রার্থী হিসেবে অযোগ্য ঘোষণা করা যায়, তার জন্য আইনে নির্ধারিত সকল ব্যাংক হতে ঋণ খেলাপী সংক্রান্ত তথ্য সরবরাহ করা আবশ্যিক।

৩। আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ২৮ নভেম্বর ২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার পর মনোনয়নপত্র দাখিলকারীদের নাম, পিতা/মাতা/ স্বামীর নাম ও প্রয়োজনীয় অন্যান্য তথ্য বাংলাদেশ ব্যাংকসহ সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক স্বউদ্যোগে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহ করার জন্য এবং সে আলোকে বিভিন্ন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সরবরাহ করার জন্য নির্দেশনা দেয়া প্রয়োজন। উল্লেখ্য যে, দশম জাতীয় সংসদ নির্বাচনে অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ব্যাংকের ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সংকলন ও সরবরাহ সম্পর্কিত একটি পরিপত্র ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে জারি করা হয়েছিল।

৪। বর্ণিতাবস্থায়, একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য মনোনয়নপত্র বাছাইয়ের দিন কিংবা তার পূর্বে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে প্রদান এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে মনোনয়নপত্র বাছাইয়ের সময় রিটার্নিং অফিসারের দপ্তরে উপস্থিত থাকার নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ফরহাদ আহাম্মদ খান)

যুগ্ম সচিব

নির্বাচন পরিচালনা-২

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)

E-mail: forhadakecs2015@gmail.com

সচিব

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

অর্থ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অফিসের ঠিকানাঃ

FORHAD AS ELECTION 11th Parliament Election(Commission Meeting)6. Forhad's Letter.doc

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১২, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
প্রজ্ঞাপন

তারিখ : ২৮ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১২ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৬৬।—নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক ০৮ নভেম্বর ২০১৮/২৪ কার্তিক ১৪২৫ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৩৬ মূলে ঘোষিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়সূচি বাংলাদেশ নির্বাচন কমিশন গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করিলেন :

(ক)	রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৪ অগ্রহায়ণ ১৪২৫ ২৮ নভেম্বর ২০১৮	বুধবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৮ অগ্রহায়ণ ১৪২৫ ০২ ডিসেম্বর ২০১৮	রবিবার
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৫ অগ্রহায়ণ ১৪২৫ ০৯ ডিসেম্বর ২০১৮	রবিবার
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	১৬ পৌষ ১৪২৫ ৩০ ডিসেম্বর ২০১৮	রবিবার

নির্বাচন কমিশনের আদেশক্রমে

হেলালুদ্দীন আহমদ
সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৪৭২৩)

মূল্য : টাকা ৪.০০